# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৪৫১২

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

### আরবী

وَعنهُ أَن سُئِلَ عَنْ لَعِبِ الشَّطْرَنْجِ فَقَالَ: هِيَ مِنَ الْبَاطِلِ وَلَا يُحِبُّ اللَّهُ الْبَاطِلَ. رَوَى الْبَيْهَقِيُّ الْأَحَادِيثَ الْأَرْبَعَةَ فِي شُعَبِ الْإِيمَانِ

### বাংলা

৪৫১২-[২৪] উক্ত রাবী [ইবনু শিহাব যুহরী অথবা আবূ মূসা আল আশ্‌’আরী (রাঃ)]-কে দাবা (পাশা/শতরঞ্জ) খেলা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, এটা বাতিল (অবৈধ) কাজ। আর আল্লাহ তা’আলা বাতিল কাজ পছন্দ করেন না। (উপরিউক্ত হাদীস চারটি বায়হাক্বী’র ’’শু’আবুল ঈমানে’’ বর্ণনা করেছেন।)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবুল ঈমান ৬৫১৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৪৬৭, মাওযূ‘আতুল আহাদীসি ওয়াল আসার আয্ য‘ঈফাহ্ ওয়াল মাওযূ‘আহ্ ১২/২০৮-২০৯ পৃঃ।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘ইবরাহীম ইবনু ইসপদকব’’ নামের একজন বর্ণনাকারী, যার পরিচয় জানা যায়নি। দেখুন- মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী দিরাসাতুল ওয়া তাহক্বীক ওয়া তাখরীজ ও তা‘লীক মিন কিতাবিস্ সয়দি ইলা আখিরিল কিতাব, ডক্টরেট থিসিস, ছাত্র : মুহাম্মাদ ইবনু হুসায়ন আল হাযিমী, পৃঃ ১৩৬৬। জামিআতু উম্মিল কুরা।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইবনু শিহাব যুহরী অথবা আবূ মূসা আল আশ্‘আরী (রাঃ)-কে দাবা (পাশা/শতরঞ্জ) খেলা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন- এটা বাতিল (অবৈধ কাজ) আর আল্লাহ তা‘আলা বাতিল কাজ পছন্দ করেন না। ইমাম মালিক বলেনঃ যারা এই খেলায় অভ্যস্ত, তাদের সাক্ষ্য গ্রহণযোগ্য নয়।

মহান আল্লাহ বলেনঃ ...فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلَالُ.. ‘‘...প্রকৃত সত্যের পর গুমরাহী ছাড়া আর কী থাকতে

পারে?...’’ (সূরাহ্ ইউনুস ১০ : ৩২) (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন